

কৃষি বিষয়ক কর্মশালা শুরু

পতিরাম, ১৫ জুন : অল্প খরচে বেশি ফলন এবং জৈব প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে পরিবেশ ও কৃষিকে সুরক্ষিত রাখার লক্ষ্যে ৫ দিন ব্যাপী কৃষি প্রশিক্ষণ শিবির শুরু হয়েছে দক্ষিণ দিনাজপুর কৃষিবিজ্ঞান কেন্দ্রে। মাঝিয়ারের সেমিনার হলে আয়োজিত এই কৃষি কর্মশালার বিষয় রাখা হয়েছে, সুসংহত উপায়ে ধানের রোগ ও পোকা নিয়ন্ত্রণ পদ্ধতি। ১৩ জুন থেকে ১৭ জুন পর্যন্ত এই কর্মশালায় প্রশিক্ষক হিসেবে রয়েছেন দক্ষিণ দিনাজপুর কৃষিবিজ্ঞান কেন্দ্রের প্রধান প্রবীর গঙ্গোপাধ্যায়, কৃষিবিজ্ঞানী শিবানন্দ সিংহ, নকুল মণ্ডল, তাপস পণ্ডিত, রণজিৎ পাণ্ডা প্রমুখ।

কৃষি প্রশিক্ষণের এই শিবিরে ধান চাষ, তার রোগ নির্ধারণ ও রোগ প্রতিকারের বিভিন্ন পদ্ধতি নিয়ে বিশদে আলোচনা হয়। ধান চাষের জন্য জৈব প্রযুক্তিকে কাজে লাগানোর জন্য বিশেষভাবে পরামর্শ দেওয়া হয়। পোকা নিধনের জন্য ফেরামন ফাঁদ ব্যবহারের ওপর গুরুত্ব আরোপ করা হয়। কৃষিবিজ্ঞানী শিবানন্দ সিংহ বলেন, খাতায়কলমে শিক্ষার পাশাপাশি হাতেকলমেও ৫ দিন ধরে প্রশিক্ষণ দেওয়া হবে।



কৃষি প্রশিক্ষণ শিবিরের ছবিটি তুলেছেন সাজাহান আলি।

কাঁটাতারের গেট নিয়ে সরব মঞ্চ

কোচবিহার, ১৫ জুন : বাংলাদেশ সীমান্তবর্তী কাঁটাতারের গেটগুলি সকাল ৬টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত একটানা ১২ ঘণ্টা খোলা রাখার দাবি উঠল ফের। দাবি জানায় ভারত

যেসব জায়গায় এখনও কাঁটাতারের বেড়া দেওয়া হয়নি সেসব জায়গায় অবিলম্বে বেড়া দেবার কাজ শেষ করতে হবে। সীমান্ত রক্ষী বাহিনী,

প্রশাসন ও সীমান্তে বসবাসকারীদের নিয়ে প্রতিমাসে একবার বৈঠক করার প্রস্তাব দিয়েছেন তাঁরা।

—সংবাদ নিউজ সার্ভিস